



COVID-19 পরীক্ষা

কখন আমার COVID-19 পরীক্ষা করা উচিত?

- আপনার COVID-19 এর উপসর্গ আছে।
- আপনি গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকিতে রয়েছেন এবং সম্প্রতি COVID-19 -এ আক্রান্ত কারো সংস্পর্শে এসেছেন।
- COVID-19 -এ আক্রান্ত কারো সাথে আপনার সংস্পর্শ আছে- সেটা হতে পারে পরিবারের কেউ অথবা অন্য কারো সাথে আপনার বেশি বা মাঝারি ধরনের সংস্পর্শ রয়েছে।



কারা গুরুতর অসুস্থতার ঝুঁকিতে বেশি পরিমাণে আছেন?

- ৬০ বছর বা তার বেশি বয়সের মানুষ
- গর্ভবতী নারী
- আদিবাসী, টরেস স্ট্রেইট আইল্যান্ডার এবং প্যাসিফিক দ্বীপপুঞ্জের মানুষ (৩৫ বছর বা তার বেশি বয়স থেকে)
- স্মলতা, ডায়াবেটিস, গুরুতর কার্ডিওভাসকুলার রোগ, দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ (গুরুতর হাঁপানি সহ গত ১২ মাসে হাসপাতালে ভর্তি প্রয়োজন হয়েছিল), গুরুতর দীর্ঘস্থায়ী লিভার বা কিডনি রোগ, সক্রিয় ক্যান্সার বা যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল
- কিছু প্রতিবন্ধী ব্যক্তি আছেন যাদের প্রতিবন্ধকতা তাদের ফুসফুস, হৃৎপিণ্ড বা রোগ প্রতিরোধ ক্ষমতাকে প্রভাবিত করে
- বৃদ্ধাশ্রম এবং প্রতিবন্ধী সেবা প্রতিষ্ঠানের বাসিন্দা
- ১৮ বছর বা তার বেশি বয়সী ব্যক্তির যাদের টিকা দেওয়া হয়নি

আমার কোন COVID-19 পরীক্ষা করা উচিত?


আপনার COVID-19 আছে কিনা তা পরীক্ষা করার জন্য আপনি **দুটি ভিন্ন পরীক্ষা** করতে পারেন। একটি **র্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা (RAT)** যা আপনি নিজে করতে পারেন এবং একটি **PCR** (নাক এবং গলা সোয়াব) **পরীক্ষা** যা একটি টেস্টিং ক্লিনিকে করা হয়

- **যদি আপনি গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকিতে থাকেন** তবে আপনার একটি **PCR পরীক্ষা** করা উচিত। আপনার যদি দ্রুত PCR পরীক্ষার ফলাফল না পাওয়ার সম্ভাবনা থাকে, তবে PCR পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষা করার সময় র্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা করুন (যদি আপনার কাছে পরীক্ষার কিট থাকে)।
- যদি আপনার গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকি না থাকে, তবে আপনি র্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা করুন যদি না আপনার ডাক্তার আপনাকে PCR পরীক্ষা করতে বলে।



COVID-19 পজিটিভ হলে আমি কী করব?

- যদি আপনার **PCR** পরীক্ষায় **পজিটিভ** ফলাফল আসে, তাহলে আপনার COVID-19 আছে, এমনকি আপনার উপসর্গ না থাকলেও। আপনাকে অবশ্যই testing positive to COVID-19 and managing COVID-19 safely at home এর পরামর্শ অনুসরণ করতে হবে।
- আপনার যদি র্যাপিড অ্যান্টিজেন পরীক্ষায় পজিটিভ আসে তবে **Service NSW -তে নিবন্ধন করুন** এবং testing positive to COVID-19 and managing COVID-19 safely at home পরামর্শ অনুসরণ করুন।



আপনার যদি স্বাস্থ্য বিষয়ক কোনো উদ্বেগ থাকে এবং ভাষা সহায়তার প্রয়োজন হয় তাহলে **TIS 131 450** নম্বরে কল করুন এবং Health Direct এর **1800 022 222** নম্বরের জন্য জিজ্ঞাসা করুন।